

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

ডিএফআইএম সার্কুলার লেটার নং-১৪

ডিসেম্বর ৩১, ২০১৩
পৌষ ১৭, ১৪২০

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক,
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক তাদের নিজস্ব সাবসিডিয়ারি প্রতিষ্ঠান-কে প্রদত্ত Single Borrower Exposure Limit এর অতিরিক্ত বিদ্যমান ঋণ সমন্বয় প্রসংগে

বাংলাদেশ ব্যাংকের জানুয়ারি ৩১, ২০১২ তারিখের ডিএফআইএম সার্কুলার নং-০২ এর ২নং ক্রমিক বর্ণিত নির্দেশনার প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক মার্চেন্ট ব্যাংকিং ও ব্রোকারেজ কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে গঠিত কেবলমাত্র নিজস্ব সাবসিডিয়ারি প্রতিষ্ঠানের অনুকূলে প্রদত্ত Single Borrower Exposure Limit এর অতিরিক্ত বিদ্যমান ঋণ আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৪(১)(গ) ধারায় নির্ধারিত সীমার মধ্যে নামিয়ে আনার সময়সীমা ৩১ ডিসেম্বর, ২০১৪ পর্যন্ত বর্ধিত করা হলো। বিদ্যমান ঋণ কোনক্রমেই বর্ধিত না করে উক্ত সময়সীমার মধ্যে আবশ্যিকভাবে আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এ নির্ধারিত Single Borrower Exposure Limit এর মধ্যে নামিয়ে আনতে হবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,
স্বা/-
(মোঃ শাহ আলম)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০১৭৮